দৈনিক বাংলা

তারিখ 03 DEC 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

৪৪

# প্রাথমিক স্কুল শিক্ষকদের অনশন ভঙ্গ

বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ৫ দিন পর গতকাল শনিবার তাদের অনশন ভঙ্গ করেছেন। সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কর্মরত শিক্ষক শিক্ষিকাদের জাতীয়করণ করার দাবীতে গত ২৮ নবেম্বর থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে তারা অনশন করছিলেন। দৈনিক ইত্তেফাকের সম্পাদক মন্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন এবং ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) সভাপতি জহিরুল হক সরবত পান করিয়ে গতকাল সকালে অনশন ভাঙ্গান। বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির আহবানে শিক্ষকগণ আমরণ অনশন পালন করে আসছিলেন।

সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ৫ দিন অনশনের পর ৫ জন শিক্ষককে চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। কিন্তু সরকারের পক্ষ থেকে কোন সহানুভূতি জানানো হয়নি। সাংবাদিক নেতৃবৃন্দের অনুরোধে তারা অনশন ভাঙ্গেন।

শিক্ষক সমিতি ১৭ ডিসেম্বরের মধ্যে তাদের দাবী না মানা হলে ১৮ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারী পর্যন্ত বিক্ষোভ, স্মারকলিপি এবং দু'ঘন্টা জেলার প্রধান প্রধান সড়ক অবরোধের কর্মসূচী ঘোষণা করেছে। সরকারকে সহযোগিতা না দেয়া এবং ২৫ মার্চ ঢাকায় মহাসমাবেশের কর্মসূচীও ঘোষণা করা হয়েছে।